

19 মার্চ, 2021

প্রিয় পরিবারবর্গ,

নতুন চ্যামেলর হিসেবে এটা ছিল আমার প্রথম সপ্তাহ, এবং এই ভূমিকা গ্রহণ করতে পেরে আমি অত্যন্ত উৎসাহিত বোধ করছি। আমি যে শুধু নিউ ইয়র্কে জন্মেছি ও বড় হয়েছি তাই নয়, আমি নিউ ইয়র্কার কারণ শিক্ষা আমার রক্তে রক্তে বইছে। আমার মা ও আন্টি উভয়েই শিক্ষিকা ছিলেন এবং আমি তাদের অনুপ্রেরণায় এবং শিক্ষার্থী হিসেবে কুইন্সে বেড়ে উঠার সময় যে অসাধারণ শিক্ষকগণ পেয়েছি, তাদের কারণে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের একজন ইংরেজি শিক্ষিকা হয়েছি।

21 বছর DOE-তে কার্যরত অবস্থায়, আমি অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল এবং এরপর প্রিন্সিপ্যাল হিসেবেও কাজ করেছি। আরো সাম্প্রতিককালে, আমি আমাদের স্কুল কমিউনিটিতে একজন সুপারিনটেনডেন্ট এবং ব্রংক্সের এক্সিকিউটিভ সুপারিনটেনডেন্ট হিসেবে দায়িত্বপালন করেছি।

এবং এখন আমাদের সিটিব্যাপী স্কুলগুলোকে নেতৃত্ব দিতে পারা আমার জন্য গর্ব ও মর্যাদার বিষয়। এই সপ্তাহে সক্রিয়ভাবে, সশরীরে এবং দূর থেকে (রিমোটলি) আমি প্রতিটি বরোর আমাদের প্রতিভাবান শিক্ষার্থী ও শিক্ষকগণের সাথে আমি সময় ব্যয় করেছি। আমি প্রি-K শিক্ষার্থীদের পানি চক্র (ওয়াটার সাইকেল) শিখতে দেখেছি, ফ্রস্টিংয়ে যথাযথ অনুপাতে ফুড কালারিং মেশানোর মাধ্যমে অনুপাত শেখার সময় ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের সাথে যোগ দিয়েছি, এবং সপ্তম গ্রেডের শিক্ষার্থীরা যখন কোনো বিশেষ বস্তু শেয়ার করার মাধ্যমে নিজেদের সম্পর্কে বহিঃপ্রকাশ করেছে তখন তাদের সাথে অংশগ্রহণ করেছি। বিগত বছর আমরা সকল পরিবর্তন ও চ্যালেঞ্জ মোকাবিলা করা স্বত্বেও, আমাদের স্কুল কমিউনিটি এখনও শেখার জন্য একটি উদ্দীপিত ও প্রাণবন্ত স্থান।

আমি এই সপ্তাহের পরিদর্শনগুলো নিয়ে যখন ভাবছি, আমাদের ক্লাসরুম, কমিউনিটি, এবং আমাদের পুরো সিটির অপূর্ব বৈচিত্র্যময়তা আমাকে উৎসাহব্যঞ্জকও বোধ করছি। আমাদের স্কুলগুলোতে, “রেসপেক্ট ফর অল” (সকলের জন্য শ্রদ্ধা) শুধু একটি শ্লোগান নয়, বরং এটা একটি জীবনধারা। আমরা প্রতিটি শিক্ষার্থী, স্টাফ সদস্য, এবং পরিবারকে তাদের স্বকীয়তার জন্য মূল্য দেই। আমরা সকলে যেন স্বাগত বোধ করে তা নিশ্চিত করি। এটা আমাদের অন্তস্তলে গেঁথে আছে।

কিন্তু আমরা সিটিব্যাপী এবং এই সপ্তাহে আটলান্টায় যে ভয়াবহ এশিয়ান বিদ্রোহী হেইট ক্রাইম (ঘৃণা থেকে সৃষ্ট অপরাধ) দেখছি যা সুস্পষ্ট করে দিয়েছে যে আমাদের অবশ্যই প্রাতিষ্ঠানিক বর্ণবাদ নির্মূল করতে আরো কঠোর পরিশ্রম করতে হবে। একজন শিক্ষক হিসেবে আমার পেশাজীবনের স্তম্ভ ছিল ন্যায়বিচার ও অন্তর্ভুক্তি। চ্যামেলর হিসেবে, আমি প্রতিশ্রুতি দিচ্ছি যে আমাদের স্কুল সিস্টেমে সমতা অগ্রসর করা এবং যেকোনো প্রকার বৈষম্য নির্মূল করা অব্যাহত রাখবো। এবং আমি সুস্পষ্ট করতে চাই যে: ডিপার্টমেন্ট অভ এডুকেশনে অথবা আমাদের কোনো স্কুলে বর্ণবাদ অথবা বৈষম্যের কোনো স্থান নেই। শুধু এই সপ্তাহেই, আমরা আমাদের শিক্ষকদের আমাদের স্কুলে হেইট ক্রাইম (ঘৃণা থেকে সৃষ্ট অপরাধ) মোকাবিলায় হালনাগাদকৃত রিসোর্স বা সংস্থান দিয়েছি এবং আমাদের শিক্ষার্থীদের সামাজিক ও আবেগজনিত সহায়তা প্রদান করেছি। আপনার সন্তানের সাথে বর্ণবাদ ও হেইট ক্রাইম (ঘৃণা থেকে সৃষ্ট অপরাধ) সম্পর্কে আলোচনা করার জন্য সংস্থান বা রিসোর্স খুঁজে পাবেন [schools.nyc.gov/togetherforjustice](https://schools.nyc.gov/togetherforjustice) -সাইটে।

22 মার্চ যখন আমাদের পাবলিক হাই স্কুলগুলো শিক্ষার্থীদের সশরীরে ও মিশ্র শিক্ষায় (ব্লেন্ডেড লার্নিং) স্বাগত জানাবে, তখন এমন একটি পরিবেশ সৃষ্টি করা যা সকল শিক্ষার্থীদের স্বকীয়তা প্রকাশ করতে উৎসাহিত করে, সেটাই আমার ভাবনায় থাকবে। এলিমেন্টারি এবং মিডল স্কুলগুলোর পাশাপাশি ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রামগুলোর মতই, স্কুল কমিউনিটিগুলোকে সুস্থ ও নিরাপদ রাখতে আমরা যেসব কঠোর পদক্ষেপ গ্রহণ করেছি হাই স্কুলগুলো সেগুলো অনুসরণ করবে। এতে অন্তর্ভুক্ত সামাজিক ভিত্তিতে শিক্ষার্থী ও স্টাফদের এলোমেলোভাবে বেছে নিয়ে COVID-19 পরীক্ষণ বা টেস্টিং করা, পারস্পরিক দূরত্ব বজায় রাখা, মাস্ক পড়া, এবং প্রতি রাতে গভীরভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করা। একই সাথে, সিটির পুনরুজ্জীবনের এই গুরুত্বপূর্ণ মাইলফলকে আমি উদ্দীপিত। এবং পুনরায় খোলার প্রচেষ্টায় জাতীয়ভাবে মানদণ্ড সৃষ্টিকারী স্কুল সিস্টেমটির নেতৃত্ব দিতে পেরে আমি গর্বিত।

আমাদের স্কুলগুলো ও সিটির জন্য এটা একটি অত্যন্ত আশাবাদী ও ঐতিহাসিক সময়, এবং আমাদের শিক্ষার্থী ও স্কুলগুলোর জন্য আপনারা যা করেছেন সেজন্য আমি আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। আসন্ন সপ্তাহগুলোতে, আমাদের সাক্ষাৎ ও আলোচনা করার অনেক সুযোগ আসবে। আমি এই শিক্ষা বছর শেষ করার এবং পরবর্তী বছর শুরুর পরিকল্পনা করার সময় আপনাদের মতামত শোনার ও অন্তর্ভুক্ত করার অঙ্গীকার করছি।

আসুন সবাই। আসুন এটা করি। আমরা প্রস্তুত।

বিনীত,

মিষ্শা পোর্টার রস (Meisha Porter Ross)

নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যামেলর